

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫৫২

কৈলাসহর, ২০ অক্টোবর, ২০২৪

রাজ্যভিত্তিক হজাগিরি উৎসব সমাপ্ত

জনজাতিদের কৃষ্টি ও সংস্কৃতির ঐতিহ্য খুবই সমৃদ্ধ : জনজাতি কল্যাণ মন্ত্রী

রাজ্যের জনজাতিদের কৃষ্টি ও সংস্কৃতির ঐতিহ্য খুবই সমৃদ্ধ। জনজাতি সম্প্রদায়ের নবীণ প্রজন্মকে তাদের কৃষ্টি ও সংস্কৃতির এই সমৃদ্ধ ধারাকে বহন করতে এগিয়ে আসতে হবে। গতকাল কুমারঘাট মহকুমার পৈঁচারখল ব্লকের রামগুণা চৌধুরী পাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে রাজ্যভিত্তিক হজাগিরি উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। সমাপ্তি অনুষ্ঠানে জনজাতি কল্যাণ মন্ত্রী আরও বলেন, রাজ্যের বর্তমান সরকার জনজাতিদের কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, বিধায়ক পল দাংশু, বিধায়ক নন্দিতা দেববর্মা রিয়াং, এমডিসি ভূমিকানন্দ রিয়াং প্রমুখ। সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশনের সভাপতি শান্তিরাই রিয়াং। উল্লেখ্য, ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশনের উদ্যোগে এবং রাজ্য সরকারের সহযোগিতায় এই উৎসবের আয়োজন করা হয়।

\*\*\*\*\*